বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ম্যানপাওয়ার প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ

website: www.krishibank.org.bd
E-mail: dgmmpd@krishibank.org.bd

প্রশাসন(এমপিডি)পরিপত্র নং-১৭/২০২৩

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০৬ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

# পরিপত্র

**বিষয়: অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৮ এ কতিপয় অনুচ্ছেদ প্রতিস্থাপন/অন্তর্ভূক্তি প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে প্রশাসন (এমপিডি)/পরিপত্র নং-০৫/২০১৯, তারিখঃ ১০/০২/২০১৯ মূলে জারীকৃত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হল।

০২। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৮ অনুযায়ী বর্তমানে ব্যাংকের নিরীক্ষা ও পরিদর্শন কার্যক্রম পরিচালিত হচ্ছে। দেশের বাস্তব চাহিদার পরিপ্রেক্ষিতে একদিকে যেমন ব্যাংকের কার্যক্রমের ধারা, গতি ও পরিধি বিস্তৃত হয়েছে, অন্যদিকে ব্যাংকিং ব্যবসায় আধুনিকতা ও অভিনবত্ব এসেছে। নতুন নতুন সমস্যা ও অনিয়ম ছাড়াও জাল-জালিয়াতির ধরনেও বিভিন্ন পদ্ধতির আবির্ভাব হচ্ছে। এ প্রেক্ষিতে নিরীক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত পরিচালনা পর্ষদের ৮৩৯তম এবং ৮৪৫তম সভায় অনুমোদনের প্রেক্ষিতে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৮ এ পরিশিষ্ট-১৩ এর ২৫, ৪০, ৪১, ৪২ ও ৪৩ অনুচ্ছেদসমূহ নিম্নবর্ণিতভাবে প্রতিস্থাপন/অন্তর্ভূক্ত করা হল:

| ম্যানুয়েলে বিদ্যমান বিষয় | ম্যানুয়েলে নতুন ভাবে প্রতিস্থাপিত বিষয় |
|---|---|
| অনুচ্ছেদ নংঃ ২৫। প্রকল্প ঋণ, চলতি মূলধন ঋণসহ সকল প্রকার মেয়াদী ঋণ মঞ্জুর ও বিতরণে অনিয়ম | অনুচ্ছেদ নংঃ ২৫। ক) প্রকল্প ঋণ, চলতি মূলধন ঋণসহ সকল প্রকার মেয়াদী ঋণ মঞ্জুর ও বিতরণে অনিয়ম।<br>খ) এসএমই ঋণ মঞ্জুর ও বিতরণে অনিয়ম।<br>গ) আমানত হিসাবের মাধ্যমে ঋণ বিতরণ করা হয় কিনা তা যাচাই। |
| অনুচ্ছেদ নংঃ ৪০। বিবিধ | অনুচ্ছেদ নংঃ ৪০। নগদ ব্যবস্থাপনা বিষয়ক বাংলাদেশ ব্যাংকের নির্দেশনাসমূহ পরিপালন |
| | অনুচ্ছেদ নংঃ ৪১। দৈনিক ভিত্তিতে Transfer Voucher, Transfer Scroll, Cash Scroll অবশ্যই ব্যবস্থাপক এবং দ্বিতীয় কর্মকর্তা পরীক্ষা করে সঠিকতা যাচাইপূর্বক প্রতি পাতায় নামের সিলসহ স্বাক্ষর করবেন এবং শাখায় সংরক্ষণ করবেন। নিরীক্ষা কর্মকর্তা নিরীক্ষাকালীন সময়ে ব্যবস্থাপক এবং দ্বিতীয় কর্মকর্তা স্বাক্ষর প্রদান করেছেন কিনা তা যাচাই করবেন এবং নমুনা স্বরূপ ১০% কর্মদিবসের Transfer Voucher, Transfer Scroll, Cash Scroll CBS এ সংরক্ষিত তথ্যের সাথে মিলিয়ে সঠিকতা যাচাই করবেন। |
| | অনুচ্ছেদ নংঃ ৪২। CTR (Cash Transaction Report) ও STR (Suspicious Transaction Report) শাখা কর্তৃক যথাসময়ে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ এবং সংরক্ষণ করেন কিনা তা নিরীক্ষা কর্মকর্তা নিরীক্ষাকালীন সময়ে যাচাই করবেন। |
| | অনুচ্ছেদ নংঃ ৪৩। বিবিধ |

০৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

০৬/১২/২০২৩
(মোহাম্মদ এনামুল হক)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকা/এমপিডি-৮৬(অংশ-২)/২০২৩-২০২৪/৬০(১২৫০)

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০৬ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। **প্রশাসন পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্ বিভাগ-কে অনুরোধ করা হল।**
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। নথি/মহানথি।

০৬/১২/২০২৩
(মোঃ জাহাঙ্গীর আলম)
সহকারী মহাব্যবস্থাপক